

এক নজরে আই কেয়ার প্রোগ্রাম

সর্বমোট

জুলাই ২০১৪ - ডিসেম্বর ২০২৪

ডিসেম্বর
২০২৪



ইমিপি বার্তা

আই কেয়ার প্রোগ্রাম

দৃষ্টিহীনদের দৃষ্টি ফিরিয়ে দিন

ডিসেম্বর, ২০২৪ সংখ্যা



ছবিঃ বিশেষজ্ঞ চিকিৎসকের মাধ্যমে স্কুলের শিক্ষার্থীদের চক্ষু পরীক্ষা করা হচ্ছে।

সুবিধাবঞ্চিত শিক্ষার্থীদের চক্ষুসেবায় রায়ের বাজারে 'স্কুল সাইট টেস্টিং প্রোগ্রাম'

ডিসেম্বর ১৮, ২০২৪: সুবিধাবঞ্চিত স্কুল শিক্ষার্থীদের চক্ষু পরীক্ষা ও সেবা দিতে এমএসএস আই কেয়ার প্রোগ্রাম (ইসিপি) এর তত্ত্বাবধানে ঢাকার রায়ের বাজার উচ্চ বিদ্যালয়ে স্কুল সাইট টেস্টিং প্রোগ্রাম অনুষ্ঠিত হয়।

উক্ত আয়োজনে ২৬৭ জন শিক্ষার্থীর (১৫৪ জন ছাত্রী এবং ১১৩ জন ছাত্র) চক্ষু পরীক্ষা সম্পন্ন করা হয়েছে। তাদের মধ্যে ৫৪ জন শিক্ষার্থীকে বিনামূল্যে চশমা প্রদান এবং ৪৭ জন শিক্ষার্থীকে প্রয়োজনীয় ঔষধ বিতরণ করা হয়। এছাড়াও আরও ১৯ জনকে নিবিড় পর্যবেক্ষণের জন্য সহযোগী হাসপাতালে প্রেরণ করা হয়।



ছবিঃ সুবিধাবঞ্চিত স্কুলের শিক্ষার্থীদের বিনামূল্যে চশমা ও ঔষধ প্রদান করা হচ্ছে।

এমএসএস আই কেয়ার প্রোগ্রামের আইসিডিপির সার্বিক পৃষ্ঠপোষকতায় প্রাইম ব্যাংক চক্ষু হাসপাতালের বিশেষজ্ঞ চিকিৎসকদের দ্বারা দিনব্যাপী এই সেবামূলক কার্যক্রমটি সফলভাবে সম্পন্ন হয়।

বিনামূল্যে চক্ষুসেবা পেলেন প্রত্যন্ত অঞ্চলের ১২৬৬ জন দুস্থ রোগী

এমএসএস-আই কেয়ার প্রোগ্রামের (ইসিপি) তত্ত্বাবধানে ডিসেম্বর মাসজুড়ে রংপুর বিভাগে সুবিধাবঞ্চিত মানুষের জন্য বিনামূল্যে চক্ষুসেবা কর্মসূচির আয়োজন করা হয়।

পঞ্চগড় জেলার তেঁতুলিয়া, দেবীগঞ্জ, বোদা, আটোয়ারী, সদর উপজেলায় মোট ৭টি দোরগোড়ায় চক্ষুসেবা কর্মসূচি আয়োজিত হয়। সার্বিক সহায়তায় আই কেয়ার প্রোগ্রামের সহযোগী হিসেবে সেফ হাসপাতাল উল্লেখযোগ্য ভূমিকা পালন করে।



ছবিঃ রংপুর চক্ষু হাসপাতালে ছানি অপারেশন শেষে রোগীরা।

একইসাথে রংপুর চক্ষু হাসপাতালের সার্বিক সহযোগীতায় রংপুর জেলার বদরগঞ্জ উপজেলায় আরও একটি আই ক্যাম্প আয়োজিত হয়।

এসব কার্যক্রমের আওতায় মোট ১২৬৬ জন (৭৫৪ পুরুষ এবং ৫১২ মহিলা) চক্ষুসেবা পেয়েছেন। তাদের মধ্যে ছানি শনাক্তকৃত রোগীর সংখ্যা ২২৮ জন, যার মধ্যে সার্জারির মাধ্যমে ১৪৭ জনের সফলভাবে ছানি অপসারণ সম্পন্ন করা হয়। সেবাপ্রার্থীদের মধ্যে ৩৭৪ জনকে বিনামূল্যে চশমা প্রদান করা হয়।

আই কেয়ার প্রোগ্রামের উক্ত চক্ষুসেবা কর্মসূচিতে বিশেষজ্ঞ চিকিৎসকদের পরামর্শে স্থানীয় সুবিধাবঞ্চিত মানুষের চোখ পরীক্ষা, চিকিৎসা প্রদান ও ঔষধসহ প্রয়োজনীয় চিকিৎসা সরঞ্জাম সরবরাহ করা হয়। চক্ষুসেবা কার্যক্রমের পাশাপাশি চোখের সুরক্ষা ও যত্ন নেওয়ার বিষয়ে যথোপযোগী পরামর্শ দেওয়া হয়।



প্রকাশনায়ঃ মিডিয়া অ্যান্ড পাবলিক অ্যাফেয়ার্স ইউনিট

আই কেয়ার প্রোগ্রাম-মানবিক সাহায্য সংস্থা

হাউজ - ১১৯, ফ্ল্যাট - ৫১, রোড - ৪, ব্লক - এ, বনানী,

ঢাকা-১২১৩, বাংলাদেশ।

মোবাইলঃ ০১৭০০০২৪০৩৩ ইমেইলঃ eyecareprogram.mss@gmail.com

SHAFIUDDIN AHMED FOUNDATION HOSPITAL
শফিউদ্দিন আহমেদ ফাউন্ডেশন হাসপাতাল